বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম আর নেই

বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

শনিবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন বাংলাদেশ মহিলা পরিষদের সাধারণ সম্পাদক মালেকা বানু।
তিনি জানান, দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম। তিনি ফুসফুসের ক্যানসারে ভুগছিলেন। শুক্রবার রাতে তার শারীরিক অবস্থার অবনতি হয় এবং শনিবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

তিনি আরও জানান, আয়শা খানমের মরদেহ সকাল ৯টায় শ্রদ্ধা নিবেদনের জন্য রাজধানীর সেগুন বাগিচাস্থ বাংলাদেশ মহিলা পরিষদ কেন্দ্রীয় কার্যালয়ে নেওয়া হবে। এরপর সেখানে থেকে নেত্রকোণায় নিজ গ্রামে পারিবারিক কবরস্থানে তার স্বামী প্রকৌশলী মরতুজা হাসানের কবরের পাশে তাকে সমাহিত করা হবে।

উল্লেখ্য, বাষট্টির ছাত্রআন্দোলন, ঊনসত্তরের গণঅভ্যুত্থান এবং মহান মুক্তিযুদ্ধসহ সব প্রগতিশীল আন্দোলনের সক্রিয় সংগঠক ছিলেন আয়শা খানম। ছাত্র জীবন শেষে বঞ্চিত অধিকারহীন নারীদের অধিকার আদায়ে আমৃত্যু নিয়োজিত ছিলেন। তার মৃত্যুতে বাংলাদেশের নারী আন্দোলন এক অকৃত্রিম অভিভাবককে হারালো।

মুজিবনগরে হারানো সংসার ফিরে পেলেন মহিদুল-খাদিজা

মুজিবনগরে থানা নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কের সহোযোগীতায় ২ বছরের হারানো সংসার ফিরে পেলেন মহিদুল ও খাদিজা

নেমে আসতো। তাই আমরা চেষ্টা করেছি তাদের আবারো আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে আসতে।

‘নির্ভীক সংবাদমাধ্যম ছাড়া দারিদ্র্য নিরসন সম্ভব নয়’- ডা. জাফরুল্লাহ চৌধুরী

‘সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে।’

আজ সোমবার (২৮ ডিসেম্বর) দুপুরে ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে ‘শীতকালে করোনা প্রতিরোধ ও করণীয় এবং শীতবস্ত্র বিতরণে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান’ শীর্ষক আলোচনাসভায় এসব কথা বলেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

ডা. জাফরুল্লাহ বলেন, সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে। একটা কথা আছে মন যেটা জানেনা চোখ সেটা দেখেনা। সমস্যা ক্রমেই বাড়ছে।

জাফরুল্লাহ আরো বলেন, সাংবাদিক বন্ধুদের বলতে চাই, যতই আপনাদের বিপদ হোক, যেই নির্ভীক সাহসিকতার সাথে আপনারা কাজ করছেন, সেটাকে অব্যাহত রাখেন। সবাই মিলিত ভাবে কাজ করলে দেশের দরিদ্রতা অনেক কমবে। সবাই মিলে সংগ্রাম অব্যাহত রাখতে হবে। যতই বিপদ আসুক, আমরা মিলিতভাবে ন্যায় এবং নীতির জন্য আমাদের আন্দোলনকে অব্যহত রাখতে হবে। এই সাহসই বাংলাদেশকে সুন্দর দেশ হিসেবে প্রতিষ্ঠিত করবে। সামাজিক বৈষম্য না কমলে আমি, আপনি, কেউই সুখে থাকতে পারবোনা।

সরকার গণমাধ্যমে কণ্ঠরোধ করছে উল্লেখ করে জাফরুল্লাহ বলেন,

গণস্বাস্থ্য আবিষ্কৃত অ্যান্টিজেন কিট প্রসঙ্গে জাফরুল্লাহ বলেন, আমাদের বিজ্ঞানী ড. বিজন কুমার শীল অ্যান্টিজেন কিট আবিষ্কার করলেন। সরকার আমাদের কন্ডিশন দিল এ কিট আমেরিকা থেকে পরীক্ষা করিয়ে আনতে হবে। এতে আরো তিন কোটি টাকার প্রয়োজন। আজকে যদি এমন নিয়ম থাকতো তাহলে বাংলাদেশে ওষুধ নীতি হতো না। বাংলাদেশ পৃথিবীর প্রথম শ্রেণির ঔষধ উৎপাদনকারী দেশ হতে পারত না।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন গণস্বাস্থ কেন্দ্রের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মঞ্জুর কাদির আহমেদ, ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া প্রমুখ।

গাংনী পৌরসভা নির্বাচন: ত্রিমুখী লড়াই

এম এফ রুপক
কে হবে গাংনী পৌরবাসীর অভিভাবক, কে ধরবে গাংনী পৌরসভার হাল, কে হবে গাংনীর নতুন মেয়র। নৌকার মাঝি সাবেক মেয়র আহম্মেদ আলী ক্ষমতা পুনরুদ্ধার করতে পারবে, নাকি পুনরায় সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম দ্বিতীয় মেয়াদের মেয়র হবে, নাকি বিএনপি মনোনীত আসাদুজ্জামান বাবলু হবেন নতুন মেয়র। এমন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে গাংনী পৌরবাসীর মধ্যে। সবকিছু ঠিক থাকলে এমন নানা জল্পনা কল্পনার অবসান হবে আগামী ১৬ জানুয়ারী। দিন যত ঘনিয়ে আসছে প্রার্থীদের প্রচার প্রচারণাও বেশ তুঙ্গে উঠেছে। ঢাক-ডোল পিটিয়ে প্রতিদিনই জানান দিচ্ছেন তাদের প্রার্থীতা। যাচ্ছেন ভোটারদের কাছে, চাচ্ছেন ভোট।

দ্বিতীয় ধাপে পৌর নির্বাচনের মধ্যে আগামী ১৬ জানুয়ারী অনুষ্ঠিত হতে যাচ্ছে গাংনী পৌরসভা নির্বাচন। ইতোমধ্যে মনোনয়ন যাচাই বাছাই শেষ হয়েছে।

আগামী ২৯ ডিসেম্বর মনোনয়ন প্রত্যাহরের শেষ দিন ও ৩০ ডিসেম্বর প্রতিক বরাদ্দ দেওয়া হবে। পৌর নির্বাচনে এখনো পর্যন্ত ৫ জন মেয়র প্রার্থী। আওয়ামী লীগ থেকে আহাম্মেদ আলী, বিএনপি থেকে

পৌরবাসীকে।

গত ৫ বছর ধরে মেয়র থাকা আশরাফুল ইসলাম এবারও চেয়েছিলেন নৌকার মনোনয়ন। কিন্তু তিনি মনোনয়ন পাননি। তাই সতন্ত্র প্রার্থী হিসেবে এবারও নির্বাচন করছেন। জনপ্রিয়তার দিক থেকে তিনিও আছেন বেশ শক্ত অবস্থানে। যদিও বেশ কিছু বির্তকিত কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন সময় সংবাদের শিরোনামও হয়েছেন তিনি।

একটি মামলায় আশরাফুল ইসলামের ১০ বছরের সাজাও হয়েছিল, সেটি নিয়ে প্রার্থীতা থাকবে কিনা এটা নিয়ে কিছুটা অনিশ্চিত ছিলেন তিনি। তবে সব কিছু কাটিয়ে পুনরায় নির্বাচনে মেয়র প্রার্থী হয়েছেন। জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, বিগত পাঁচ বছর ধরে জনগণের মনে বিশ^স্ততার জায়গা করে নিয়েছি। আমি আশা করি আসন্ন নির্বাচনে পুনরায় জনগণ আমাকে ভোট দিয়ে মেয়র নির্বাচিত করবে।

সুষ্টু ভোট হবে কিনা এমন শঙ্কা প্রকাশ করে বিএনপি মনোনীত প্রার্থী আসাদুজ্জামান বাবলু বলেন, ভোটের আগেই বিভিন্ন মামলা হামলা দিয়ে আমাদের কোনঠাসা করে রাখা হয়। ভোটের দিন আমাদের ভোটারদের ভোট কেন্দ্রে প্রবেশে বাঁধা দেওয়া হয়। আমরা বিগত নির্বাচনে এগুলো দেখেছি। যদি প্রশাসন এগুলো নিয়ন্ত্রণ করতে পারে, আর যদি সুষ্টু ভোট হয় তবে গাংনী পৌর নির্বাচনে ধানের শীষের জয় হবে।

শতভাগ সুষ্টু ও উৎসব মুখর পরিবেশে ভোট হবে বলে রিটার্নিং অফিসার আহম্মেদ আলী জানান, এবার ইভিএম’এ ভোট গ্রহণ করা হবে। আমাদের সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

মেপ্র/আরপি

মেহেরপুরে এক জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও এক জন করোনা আক্রান্ত হয়েছেন।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে এক জনের। আর নেগেটিভ আসে ১৪ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ৫৩৩৯ টি, সর্বমোট ফলাফল এসেছে ৫২২৭ টি, সর্বমোট পজিটিভ ৭৪৬ জন, সুস্থ ৬৬১ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ১২ টি (সদরে- ০৬, গাংনীতে- ০১ ও মুজিবনগরে- ০৫)।

গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে অভিযান চালিয়ে দশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভুমি) মোহাম্মদ নুর-ই আলম সিদ্দিকী।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানাগেছে, গাংনী উপজেলার পশ্চিম মালশাদাহ এলাকার মেসার্স হোসেন ফিলিং স্টেশনের ম্যানেজার রিপন আলীকে ৫ হাজার টাকা ও গোপাল নগর গ্রামের হানিফ ফিলিং স্টেশনের ম্যানেজার আবুল কালামকে ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়।

জ্বালানী তৈল পরিমাপে কম দেয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় ওজন পরিমাপ আইন ২০১৮ অনুযায়ী তাদের জরিমানা আদায় করা হয়েছে। বিএসটিআই খুলনা আঞ্চলিক পরিদর্শক রঞ্জিত কুমার মল্লিক, গাংনী থানা পুলিশের একটি টিম এসময় উপস্থিত ছিলেন।

বারাদি বিট পুলিশ ইউনিটের উদ্যোগে আমঝুপিতে উঠান বৈঠক

পুলিশি সেবা জনগণের দ্বারপ্রান্তে নিয়ে যেতে বিট পুলিশিং কার্যক্রমের যাত্রা। মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার বারাদি বিট পুলিশ ইউনিটের উদ্যোগে নারী নির্যাতন, ধর্ষণ, ইভটিজিং প্রতিরোধকল্পে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি সরকারি প্রাথমিক বালক বিদ্যালয় মাঠে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। বারাদি ক্যাম্পের ইনচার্জ এসআই আব্বাস উদ্দিনের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহদারা খান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ৬ নং ওয়ার্ড আমঝুপি ইউপি সদস্য আবুল কসেম, মশিউর রহমান ডাবলু প্রমুখ।

কালীগঞ্জে জমি নিয়ে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ আহত ১৫

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ভোলপাড়া গ্রামে জমি নিয়ে বিরোধের জের ধরে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ১৫ জন আহত হয়েছেন। গতকাল শনিবার দুপুরে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, শহর আলী, আলী হোসেন, শওকত আলী, মসলেম উদ্দিন, জিয়া হোসেন, রুমা খাতুন, শাহাবুর রহমান, ইয়াসিন আলী, কাদের আলী,

তুহিন হোসেন, ইদ্রিস আলী, ঝুমুর মোল্লা, আলী আহম্মদ, পলাশ মোল্লা।

আহতরা ঝিনাইদহ সদর হাসপাতাল ও কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দীর্ঘদিন ধরে ভোলপাড়া গ্রামে শহর আলী ও কাদের আলীর মধ্যে জমি নিয়ে বিরোধ চলছিল। এ নিয়ে ঝিনাইদহ আদালতে মামলাও চলমান। হঠাৎ শনিবার দুপুরে কাদের আলী লোকজন নিয়ে শহর আলীর পৈতৃক সম্পত্তি দখল করতে যায়। এ সময় দু’পক্ষের মধ্যে সংঘর্ষ বেঁধে যায়।

কালীগঞ্জ থানার ওসি মোঃ মাহফুজুর রহমান মিয়া জানান, তুচ্ছ ঘটনায় সংঘর্ষটি ঘটেছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। কেউ অভিযোগ দিলে অবশ্যই ব্যবস্থা নিবো।

ইবি কর্মকর্তাদের দু’গ্রুপে সংঘর্ষ

মহান বিজয় দিবস উপলক্ষে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মকর্তাদের দু’গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়েন। সংঘর্ষ থামাতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষক ও সাংবাদিক লাঞ্চিত হয়েছেন। এছাড়া শ্রদ্ধাঞ্জলির পুষ্পমাল্য ভেঙে পায়ে মাড়ানোরও অভিযোগ উঠেছে।

গতকাল বুধবার দুপুরে ক্যাম্পাসের মুক্ত বাংলা চত্ত্বরে এ ঘটনা ঘটে। অভিযুক্তরা ঘটনার পরপরই নিজেদের ভুল স্বীকার করে সাংবাদিকদের কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, মহান বিজয় দিবস উপলক্ষে ক্যাম্পাসে অবস্থিত মুক্তিযুদ্ধের অন্যতম স্মারক ভাস্কর্য ‘মুক্ত বাংলা’য় শ্রদ্ধাঞ্জলি অর্পণ নিয়ে কর্মকর্তাদের দুটি পক্ষ বাকবিতন্ডায় জড়িয়ে পড়েন। পরে তা মারামারিতে রূপ নেয়। এসময় তাদের হাতে বাঁশ ও

লাঠি দেখা যায়।

কর্মকর্তা সমিতির সদস্যরা একপর্যায়ে কর্মকর্তা এসোসিয়েশনের সদস্যের ধাওয়া করে প্রধান ফটক পার করে দিয়ে আসেন। এসময় ছবি তুলতে গেলে কয়েকজন কর্মকর্তা সাংবাদিকদের কাজে বাধা দেন।

এর আগে, বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ একে একে শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, বঙ্গবন্ধু পরিষদ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল পৌনে ১১টার দিকে কর্মকর্তা সমিতি থেকে বেরিয়ে এসে নতুন গড়া অফিসার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কয়েকজন কর্মকর্তা ফুল দিতে গেলে কর্মকর্তা সমিতির সদস্যরা বাধা দেন।

কর্মকর্তা সমিতির অভিযোগ অফিসার্স ইউনিটির কর্মকর্তারা জুতা নিয়ে বেদিতে ফুল দেন। এসময় তারা বাধা দিতে গেলে সংঘর্ষের ঘটনা ঘটে। পরে কর্মকর্তা সমিতির ধাওয়া খেয়ে ক্যাম্পাস ত্যাগ করে অফিসার্স ইউনিটের কর্মকর্তারা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ বলেন, ‘আমার ২২ বছরের শিক্ষকতা জীবনে কখনো এমন ঘটনার সৃষ্টি হয়নি। এ ঘটনাটি খুবই দুঃখজনক, অনাকাঙ্ক্ষিত এবং অপ্রত্যাশিত।’

এদিকে, জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ের কমকর্তাদের এমন মারামারি ও পুষ্পমাল্য ভেঙে পায়ে মাড়ানোর ঘটনায় নিন্দার ঝড় বইছে। বিভিন্ন শিক্ষক সংগঠন, ছাত্রসংগঠন এই ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনাটিকে ইবির ইতিহাসের জঘন্যতম ঘটনা হিসেবে আখ্যায়িত করে সামাজিক যোগাযোগ মাধ্যমেও সরব হয়েছেন সাবেক-বর্তমান শিক্ষক-শিক্ষার্থীরা। সুত্র:- নয়া দিগন্ত

গভীর রাতে বিএনপি নেতা ইশরাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]